

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
আইপিএইচ স্কুল রোড
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৩৫.২০২০

/০৪/১৪২৭ বঙ্গাব্দ
তাং-----
/০৮/২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়: জনাব সমাপ্তি সমাদ্দার, স্টাফ নার্স, সদর হাসপাতাল, ঝালকাঠী কে সরকারি দায়িত্ব পালনে অক্ষম ঘোষণাকরণ প্রসঙ্গে।

সূত্র: সি এস/ঝাল/মে: টিম/২২০/৮৯৪, তারিখ: ০৫/০৭/২০২০


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, তার দপ্তর কর্তৃক কর্তৃপক্ষের আদেশ ব্যতীত মেডিকেল বোর্ড গঠনপূর্বক জনাব সমাপ্তি সমাদ্দার, স্টাফ নার্স, সদর হাসপাতাল, ঝালকাঠী কে অক্ষম ঘোষণা করা হয়েছে এবং এর মাধ্যমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি, ২০১৮ এর বিধি ১০ লঙ্ঘন করা হয়েছে।

২। উল্লেখ্য, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি ২০১৮ এর বিধি ২(গ) অনুযায়ী কর্তৃপক্ষ অর্থ নিয়োগকারী কর্তৃপক্ষ। একই বিধিমালার বিধি ১০ অনুযায়ী নিয়োগকারী কর্তৃপক্ষ মেডিকেল বোর্ড গঠন করতে পারেন এবং সংশ্লিষ্ট বিধিমালার আলোকে ব্যবস্থা গ্রহণ করতে পারেন।

৩। বাংলাদেশ সার্ভিস রুলস্ (পার্ট-১) এর বিধি ৩২৩ (সি) অনুযায়ী কোন কর্মচারীকে অক্ষম ঘোষণার স্বপক্ষে অফিস বা বিভাগীয় প্রধান বিশেষ ব্যাখ্যা প্রদানের জন্য ক্ষমতাপ্রাপ্ত।

৪। বর্ণিত অবস্থার প্রেক্ষাপটে, জনাব সমাপ্তি সমাদ্দার, স্টাফ নার্স, সদর হাসপাতাল, ঝালকাঠী এর শারীরিকভাবে অসমর্থের বিষয়টি এ অধিদপ্তরকে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অবহিত করার জন্য অনুরোধ করা হলো এবং একইসাথে বিধি মোতাবেক বিষয়টি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত জনাব সমাপ্তি সমাদ্দার বেতন ভাতাদি প্রাপ্য হবেন বিধায় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সিভিল সার্জন
ঝালকাঠী।


শোভা শাহনাজ
উপসচিব
পরিচালক (শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৩৫.২০২০.১০৩/৩(৩)

০৩/০৪/১৪২৭ বঙ্গাব্দ
তাং-----
২১/০৮/২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে :

- ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবলয়, ঢাকা
- ২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবলয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ, বরিশাল।
- ৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ঝালকাঠি।
- ৬। উপপরিচালক (পিএমআইএস), পত্রটি এ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।
- ৭। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জনের কার্যালয়, ঝালকাঠি।
- ৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৯। জনাব সমাপ্তি সমাদ্দার, স্টাফ নার্স, সদর হাসপাতাল, ঝালকাঠি।

পরিচালক (শৃঙ্খলা)

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

২১.০৮.২০